## উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : আব্দুল্লাহ আল বাকিউল বারী<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ।

সভার স্থান : রাশেদুল ইসলাম সভাকক্ষ

সভার তারিখ : ১১/০৯/২০২৫ খ্রীঃ

সময় : ১২.৩০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ কর্তৃক উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **তথ্য বাতায়ন হালনাগাদ করণঃ** উপজেলা পর্যায়ের ৩৯টি সরকারি অফিসের ওয়েব পোর্টাল এর হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। এখানে ৩৯টি অফিসের মধ্যে ২৭টি সরকারি অফিস ১০০%হালনাগাদ বাকী ১২টি দপ্তর শতভাগ হালনাগাদ নেই। সকল দপ্তরকে তাদের স্ব স্ব তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, জেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় জেলা প্রশাসক মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়ন শতভাগ (১০০%) ও সঠিক তথ্য দিয়ে নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর আলোকে প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা অনুযায়ি তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার। তাছাড়া সচিবালয় নির্দেশমালা ২০২৪ এর ৫(ঘ) এর সকল দপ্তরের ওয়েবসাইটগুলো ব্যবহার ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | ১। উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল সমূহ শতভাগ (১০০%) হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ কম সে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদকরণ কার্যক্রমের মাসিক রিপোর্ট উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব সাইট সমূহের লিংক উপজেলার ওয়েব পোর্টালে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান, ত্রিশাল,ময়মনসিংহ<br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ । |
| ০২ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন ও ব্যবহার সংক্রান্তঃ** ত্রিশাল উপজেলায় মোট ৩৩টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ল্যাব , ০১ টি প্রতিষ্ঠানে আইসিটিডি স্কুল অব ফিউচার ও ০১টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়। ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন, ব্যবহার ও ইনহাউজ প্রশিক্ষণ চালু করার বিষয়ে আলোচনা করা হয়। ল্যাব সমূহ নির্ধারিত শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করা, সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিষয়ে আলোচনা হয়। | ল্যাব সমূহের সুষ্ঠ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য উপজেলা আইসিটি অফিসার নিয়মিত পরিদর্শন করেন। এছাড়া আইসিটি কমিটির সদস্যগণ কর্তৃক আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শন ও এর কার্যক্রম পর্যবেক্ষণ পূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,<br>প্রধান শিক্ষক (সকল আইসিটিডি ডিজিটাল ল্যাব) |

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | **ই-নথি/ডি-নথি বাস্তবায়নঃ** উপজেলা পর্যায়ে লাইভ সার্ভারে ডি-নথি কার্যক্রম চলমান অফিসের সংখ্যা মোট ২৩ (তেইশ)টি। নতুন ১১টি অফিসকে ডি-নথি লাইভ সার্ভারে সংযোজন করা হয়েছে। জেলা আইসিটি কমিটির সভায় জেলা প্রশাসক মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী লাইভ সার্ভারে চলমান অফিসসমূহের সকল দাপ্তরিক কাজ ডি-নথি সিস্টেমে করার জন্য নির্দেশনা প্রদান করেন। তাছাড়া "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে ই-নথি/ডি-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রদান কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করেছেন। তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইতোমধ্যে ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে চলমান অফিসসমূহকে সকল দাপ্তরিক কাজ ই-নথি সিস্টেমে শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সৃষ্ট দপ্তর সমূহের অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল), ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৪ | **ইউনিয়ন ওয়েব পোর্টাল এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রমঃ** ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টাল এর হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। এখানে ১২টি ইউনিয়নের মধ্যে ০৫টি ইউনিয়ন ১০০% হালনাগাদ,বাকী ০৭টি ইউনিয়ন শতভাগ হালনাগাদ নেই। ইউনিয়ন পর্যায়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, জেলা আইসিটি কমিটির মাসিক সভার" সিদ্ধান্ত ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ি সকল ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার করা। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে সকল ইউনিয়নের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা, কর্মচারী ও সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ (১০০%) হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br>সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখা, ইউডিসিতে আরোও সেবার মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করা এবং একসেবায় নিয়মিত আয় আপলোডের বিষয়ে আলোচনা হয়। | ৪.১। সকল ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.২। ইউডিসিতে আরোও সেবার মান বাড়িয়ে গ্রাহক জনগনকে সেবা দিতে হবে। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোড দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>ইউপি সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উদ্যোক্তা (সকল), ইউডিসি ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **কানেক্টিভিটিঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের মাধ্যমে ত্রিশাল উপজেলায় মোট ১৫০টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে আরো প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সরেজমিনে পরিদর্শন ও অনলাইন মনিটরিং এর মাধ্যমে জানা যায় কিছু প্রতিষ্ঠানে বিল পরিশোধ না করার কারণে ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। সে সকল প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করে দ্রুত ইন্টারনেট সংযোগ সক্রিয় করা ও সার্বক্ষনিক সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ইন্টারনেট কানেক্টিভিটির সার্বিক অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের মাধ্যমে ত্রিশাল উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগকৃত ইন্টারনেট বিল শিক্ষা প্রতিষ্ঠান হতে পরিশোধ করবে। এছাড়াও ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে ইন্টারনেট সংযোগ প্রদানকারী ভেন্ডর প্রতিষ্ঠান এডিএন টেলিকম ও লোকাল আইএসপি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নিবার্হী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলায় ইন্টারনেট সংযোগপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল),ত্রিশাল, ময়মনসিংহ |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

( আব্দুল্লাহ আল বাকিউল বারী )
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ
০৯০৩২৫৬০০২
unotrishal@mopa gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৬১৯৪.০০০.০৬.০০২.২৩- ৬২

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫খ্রি:

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.সহকারী কমিশনার ( ভূমি ), উপজেলা ভূমি অফিস ,ত্রিশাল , ময়মনসিংহ।
২. অধ্যক্ষ ,সরকারি নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ।
৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. উপজেলা কৃষি অফিসার , ত্রিশাল, ময়মনসিংহ।
৫. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৬. অফিসার ইনচার্জ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ,, ত্রিশাল, ময়মনসিংহ।
৯. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
১০. উপজেলা সমাজসেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ
১১. অধ্যক্ষ , ত্রিশাল মহিলা ডিগ্রী কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ।
১২. প্রধান শিক্ষক, সরকারি নজরুল একাডেমী, ত্রিশাল, ময়মনসিংহ।
১৩. প্রধান শিক্ষক, ত্রিশাল নজরুল বালিকা উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
১৪. সহকারী প্রকৌশলী, ডাক ও টেলিযোগাযোগ, ত্রিশাল, ময়মনসিংহ।
১৫. আইসিটি বিষয়ক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি, ত্রিশাল, ময়মনসিংহ।
১৬. অফিস কপি |

মাহমুদা আখতার
উপজেলা আইসিটি অফিসার